যুগান্তর

তারিখ : 18 MAR 2016
পৃষ্ঠা ...২.. ৬ কলাম ....২.

# সরকারি কর্মচারীদের প্রশিক্ষণ ভাতা নির্ধারণ

**যুগান্তর রিপোর্ট**

অষ্টম পে-স্কেলের সঙ্গে সামঞ্জস্য রেখে সরকারি কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ ভাতা ও প্রশিক্ষকদের সম্মানীর হার নির্ধারণ করা হয়েছে। মঙ্গলবার.এ সংক্রান্ত আদেশ জারি করেছে অর্থ মন্ত্রণালয়।

আদেশ অনুযায়ী, যুগ্ম সচিব ও তদূর্ধ্ব কমচারীরা প্রশিক্ষক সম্মানী হিসেবে প্রতি সেশনে পাবেন এক হাজার ২০০ টাকা করে। উপ-সচিব ও এর নিচের কর্মচারীরা প্রতি সেশনে পাবেন এক হাজার টাকা করে। নবম গ্রেড ও তদূর্ধ্ব কর্মচারীরা প্রশিক্ষণ ভাতা হিসেবে প্রতিদিনের জন্য পাবেন ৫শ' টাকা, ১০ম গ্রেড ও এর নিম্ন পর্যায়ের কর্মচারীরা পাবেন ৪০০ টাকা করে। এছাড়া কোর্স পরিচালকরা প্রতিদিনের জন্য এক হাজার টাকা, কোর্স সমন্বয়করা ৮০০ টাকা পাবেন। প্রতি কোর্সে সর্বোচ্চ তিনজন স্টাফ সম্মানী পাবেন ৩০০ টাকা করে।